



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং: ৪৭০/উ:মা:পরি:/৯১(অংশ-১)/৮০৪

তারিখ : ১২/০৩/২০২০


বিষয় : ২০২০ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের শনিবারের পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : সেভেছ ডে এডভান্টিস্ট চার্চ অব বাংলাদেশ এর পত্র নং - এস.ডি.এ/এডু-২০২০/১৮৫, তারিখ : ০৫/০৩/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, শনিবার অনুষ্ঠিতব্য ২০২০ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা ধর্মীয় বিধি নিষেধের কারণে পূর্ব নির্ধারিত সময়ের পরিবর্তে সন্ধ্যা ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ করবে। তবে শর্ত থাকে যে,

- ১। উল্লিখিত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা শনিবার সকাল ০৯.৩০ টার পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হবে ও পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষে অবস্থান করবে এবং তাদের জন্য নির্ধারিত সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের পর তাদের সাথে প্রবেশ পত্রে উল্লিখিত দ্রব্যের বাইরে কিছু থাকবে না।
- ৩। কোন অবস্থাতেই তারা পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষের বাইরে যেতে পারবে না এবং বাইরের কারো সঙ্গে যোগাযোগ করতে পারবে না।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
12.3.2020  
প্রফেসর এস. এম আমিরুল ইসলাম  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৯৬৬৯৮১৫

জেলা প্রশাসক

ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, টাংগাইল জেলা

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। তত্ত্বাবধায়ক কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল কেন্দ্র
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল কেন্দ্র
- ৩। চেয়ারম্যানের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪। অফিস কপি